

নিলাম বিজ্ঞপ্তি

তারিখঃ ১৮/৬/২৫ খ্রি.

এতদ্বারা, সর্ব সাধারণের জন্য জানানো যাচ্ছে যে, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, বাগেরহাট এর মালখানায় রক্ষিত নিলামযোগ্য বিভিন্ন নিষ্পত্তিকৃত মামলার আলামতসমূহ নিলাম বিক্রয়ের নিমিত্ত আগামী ২৪/০৬/২৫ খ্রি. তারিখে বিকাল ৪.৩০ ঘটিকায় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবনে নিলাম কার্যক্রম অনুষ্ঠিত হবে। আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে নিলাম ডাকে অংশগ্রহণ করার আহবান করা হলো।


ক্রমিক নং	মালামালের প্রকৃতি	আনুমানিক পরিমাণ (প্রযোজ্য ক্ষেত্রে)
১	পুরাতন লোহাজাত পণ্য, রত, লৌহজাত যন্ত্রাংশ, টিউবওয়্যেল ও পাইপ	৬৫০ কেজি (কম বা বেশি)
২	তার	আনুমানিক ২০০ কেজি
৩	ইলেকট্রনিক্স যন্ত্রাংশ (মোবাইল ফোন ও ব্যাটারি)	১২ টি
৪	লোহার বড় গ্যাস সিলিন্ডার	২ টি
৫	টিউবওয়্যেল (পুরাতন)	৮ টি
৬	বীশ ও কাঠ (ছালানী)	

নিম্নোক্ত শর্ত ও পদ্ধতিতে নিলাম কার্যক্রম অনুষ্ঠিত হবেঃ


- ১) অদ্য হতে নিলামে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন শুরু হবে যা ২৪/৬/২৫ তারিখ দুপুর ৩.০০ ঘটিকা পর্যন্ত চলমান থাকবে। উক্ত নির্ধারিত সময়ের মধ্যে অত্র কমিটির সদস্য সচিবের নিকট অফেরতযোগ্য ২০০ টাকা, ফোন নং ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমাদান পূর্বক রেজিস্ট্রেশন করতে হবে। সদস্য সচিবের (০১৭১৫৩৫২৮৯৫) ফোন নাম্বারে যোগাযোগ করে whatsapp-তে প্রয়োজনীয় ডকুমেন্ট সরবরাহ করেও রেজিস্ট্রেশন করা যাবে।
- ২) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-১ এর এজলাস কক্ষে নিলাম কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত নিলাম কার্যক্রমে শুধু রেজিস্টার্ড নিলাম অংশগ্রহণকারীরা অবস্থান করতে পারবেন। তবে, নিলাম কমিটিকে পূর্ব অবগত করে সাংবাদিকগণ উপস্থিত থাকতে পারবেন।
- ৩) নিলাম কার্যক্রমে নিলামকারীকে নিজে অংশগ্রহণ করতে হবে। তবে, কেউ স্বশরীরে নিলাম কার্যক্রমের সময়ে আদালতের এজলাস কক্ষে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে না পারলে, নিলাম কমিটিকে নিলাম কার্যক্রম শুরুর ১ ঘণ্টা পূর্বে অবগত করে ভার্সুয়ালী (ভিডিও কলে) নিলাম কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে নিলাম কমিটি whatsapp-এ গুপ্তভিডিও কলের মাধ্যমে অংশগ্রহণের জন্য ব্যবস্থা করবে।
- ৪) নিলামের দিনে নিলামযোগ্য পণ্য আলামতখানায় প্রদর্শনের জন্য ব্যবস্থা থাকবে। আগ্রহীরা মালখানার দায়িত্বরত পুলিশের সহযোগিতায় মালামাল দেখতে পারবেন।
- ৫) নিলামের সময় প্রত্যেক প্রেনির মালামালের ন্যূনতম মূল্য নির্ধারণ করে দেয়া হবে। উক্ত ভিত্তি মূল্য থেকে নিলামের ডাক শুরু হবে। প্রতি ডাকের মধ্য ন্যূনতম পার্থক্য নির্ধারণ করে দেয়া হবে। এইভাবে নির্ধারিত মূল্যের নিম্নে ডাক দেয়া যাবে না।
- ৬) সর্বোচ্চ দরদাতাকে নিলামে বিজয়ী ঘোষণা করা হবে। বিজয়ী নিলাম অংশগ্রহণকারী পণ্য মূল্যের ২০% অথবা নিলাম কমিটি কর্তৃক নির্ধারিত মূল্য নিলাম কার্যক্রম চলাকালীন সময়েই ক্যাশ টাকা বা বিকাশে নিলাম কমিটিকে প্রদান করবেন। অতঃপর, ৫ কার্যদিবসের মধ্যে বাকি টাকা নিলাম কমিটি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে জমা প্রদান করে মালামাল বুঝিয়ে নেবেন। কেজিতে বিক্রিত মালামাল ওজন করে বুঝিয়ে দেয়া হবে। ওজনে কম হলে সেই অনুসারে মূল্য ফেরত দেয়া হবে।
- ৭) মালামালের সন্তোষজনক মূল্য নিলাম ডাকে না উঠলে বা অন্য কোনো যৌক্তিক কারণে নিলাম কমিটি নিলাম স্থগিতপূর্বক পুনরায় তারিখ নির্ধারণ করতে পারবেন।
- ৮) নিলামের সুবিধার্থে নিলাম কমিটি প্রয়োজনীয় শর্ত পরিবর্তন, পরিমার্জন ও সংযোজন করতে পারবেন।


(এফ এম জাহাঙ্গীর হাসান)
সদস্য সচিব

নিলাম সংক্রান্ত বিক্রয় কমিটি
ও
প্রশাসনিক কর্মকর্তা
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত,
বাগেরহাট।


(মোঃ রহমান)
সদস্য

নিলাম সংক্রান্ত বিক্রয় কমিটি
ও
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত,
বাগেরহাট।


(মোঃ আসাদুর রহমান)
চেয়ারম্যান

নিলাম সংক্রান্ত বিক্রয় কমিটি
ও
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত,
বাগেরহাট।

প্রচারের জন্য প্রেরণঃ

- ১) বাগেরহাট জেলা ও দায়রা জজ আদালত নোটিশ বোর্ড।
- ২) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নোটিশ বোর্ড।
- ৩) বাগেরহাট কালেক্টরেট ভবনস্থ নোটিশ বোর্ড।
- ৪) পুলিশ সুপার, বাগেরহাট নোটিশ বোর্ড।
- ৫) সদর মডেল থানা, বাগেরহাট নোটিশ বোর্ড।
- ৬) অনলাইন প্রকাশের জন্য।
- ৭) অফিস কপি।